# উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : অমিত রায়
উপজেলা নির্বাহী অফিসার,
ও
প্রশাসক,
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা,
হাকিমপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ,
হাকিমপুর, দিনাজপুর।

তারিখ : ২৪/১০/২০২৪ খ্রিঃ সময়ঃ বেলা ১১.০০টায়

**উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে, এবং অনুপস্থিত সদস্যগণের নাম পরিশিষ্ট "খ" তে, দেখানো হলো।**

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব অমিত রায়, উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর। সভার শুরুতে সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য দিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সভার পরবর্তী কার্যক্রম আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করেন। প্রশাসক গত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অন্যান্য আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

১. বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত :**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ডাক্তার স্বল্পতার কারণে রোগিদের সেবা প্রদানে কিছুটা বিঘ্ন হচ্ছে। বর্তমানে উপজলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী ভর্তির হার অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি।<br>তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হতে আরও একজন ডাক্তার ডেপুটেশনে অন্যত্র বদলী করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** |
| ২. | **উপজেলা কৃষি অফিস** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি মৌসুমে মাঠে আগাম আলুর আবাদ কার্যক্রম চলমান রয়েছে ৩৫ হে: জমিতে। বিগত খরিপ-২ মৌসুমের রোপা আমন ধানের ২৪৩ হে: জমির ধান কর্তন করা হয়েছে। যার গড় ফলন হয়েছে ৩.৭০ টন/হেক্টর। চলতি রবি মৌসুমে আগাম শাকসবজি ও আগাম আলুর আবাদ হাকিমপুর উপজেলায় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও উপজেলা কৃষি অফিসের দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ অফিস** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসে হতে চলতি মাসের ০২ অক্টোবর ২০২৪ হতে ২৫ অক্টোবর ২০২৪ পর্যন্ত পিপিআর রোগের প্রায় ৫০,০০০/- ভ্যাকসিন ভেড়া ও ছাগলকে প্রদান করা হয়েছে। পিপিআর বাদে আরও ৯৩০০ টি গবাদি পশুর বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর সরকারি বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৪. | **হাকিমপুর থানা সংক্রান্ত** | অফিসার ইন-চার্জ হাকিমপুর থানা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর/বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:** আগামী নভেম্বর ২০২৪ মাসের মাসিক সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগ/দপ্তর সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, হাকিমপুর |
| ৫. | **মৎস্য অফিস** | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | **উপজেলা সমাজ সেবা** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক বিধবা ... | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক ... | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইতোপূর্বে তালিকা প্রেরণ করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | অনুরোধ করা হলো। | |
| ৭. | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায়জানান যে, বাঁশমুড়ী হাট পালশা-ইউপি ঘোড়াঘাট ভায়া বাওনা এবং রিকাবী রোর্ডে (চে: ২৪০০-২৪৮০০ এবং ২৯৫০-৪০০মি:) এর কাজ চলমান ও কাঁকড়াপালী হতে ষষ্টিপাড়া (নবাবগঞ্জ বর্ডার) রোর্ড চে: ০০- ১৩৫০মি: এর কাজ চলমান এবং উপজেলা হেড কোয়ার্টার হতে দলারদর্গা শুবু হাকিমপুর চারমাথা পর্যন্ত (চে: ২৭০০-৬৯০০ মি:) পর্যন্ত কাজ চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় সভায় জানান যে, আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ উপজেলার ইটাই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের কাজ শুরু হবে। উক্ত ভবনের উপরে বিদ্যুৎ এর তার রয়েছে। উক্ত বিদ্যুৎ এর তার বিধি মোতাবেক অপসারণ করার জন্য সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে এবং ইটাই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের কাজ শুরুর পূর্বে বিদ্যুৎ এর তার অপসারণের জন্য এজিএম পল্লী বিদ্যুৎকে প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৯.. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৬ষ্ঠ হতে নবম শ্রেনীর পর্যন্ত সকল ছাত্রীকে (মেয়েদের জরায়ুর মুখ ক্যান্সার রোগের জন্য) বিনামূল্যে টিকা প্রদান করা হবে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০.. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগ/দপ্তরের অন্যান্য সকল প্রকার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায় এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় তিনটি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরে যে সমস্ত ইজিজিপি রাস্তায় সংস্কার করা হবে, উক্ত রাস্তার তালিকা ইতোমধ্যে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবরে প্রেরণ করা হয়েছে।হচ্ছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরে ইজিজিপি প্রস্তাবিত রাস্তার তালিকা জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস | উপ-সহকারী জন স্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহের ন্যায় হাকিমপুর উপজেলায় মোট ৭৮ টি সাবমারসিবল বসানোর কাজ শেষ হয়েছে এবং প্লাট ফরমের কাজ আগামী মাসে শেষ হবে। তিনি আরও জানান যে, যে সমস্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে তা আগামী ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে হস্তান্তরিত করা হবে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপ-সহকারী জন স্বাস্থ্য প্রকৌশলী |
| ১৪. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলার ৫৫টি সমিতির অডিটসহহ অন্যান্য সকল কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন করা হয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন অফিস | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে , তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। উপ | **সিদ্ধান্ত** : চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭. | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী মাসে ওএমএস এর ডিলার নিয়োগ এর কার্যক্রম সম্পন্ন হবে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে | **সিদ্ধান্ত** : চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য | উপজেলা খাদ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৯. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে ভোটার আইডি সংশোধন, স্থানান্তরসহ অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ২০. | উপজেলা আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, শারদীয় দূর্গাপূজা-২০২৪ এর নিরাপত্তার জন্য যে সমস্ত আনসার পুরুষ ও মহিলা দায়িত্ব পালন করেছেন, তাদের প্রাপ্ত টাকা আগামী সপ্তাহে প্রদান করা হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনার পর চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২১. | উপজেলা আইসিটি কর্মকর্তা | আইসিটি কর্মকর্তার প্রতিনিধি হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলার সকল কর্মকর্তার/কর্মচারীদের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ আছে। তাঁর অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** উপজেলার সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে আইসিটি অফিসার সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি অফিসার হাকিমপুর |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** :চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, হাকিমপুর কে অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক , উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশনের কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা |
| ২৪. | তথ্য আপা অফিস | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য তথ্য আপা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা |
| ২৫. | সহকারী প্রকৌশলী BMDA | উপজেলা সহকারী প্রকৌশলী বিএমডিএ জানান, বৃহত্তর দিনাজপুর জেলার ভূ-পরিস্থ পানি উন্নয়ন প্রকল্পের ফেজ-২ এর আওতায় নিম্ন বর্নিত কাজ চলমান রয়েছে (১) খাসখাল/খাড়ী পুন:খনন (২) ডুয়েল সোর্স হতে এল এসপি স্থাপন (৩) পুকুর, বিল/জলাধারপুন:খনন (৪) জলাবদ্ধাতা নিরসন (৫) সেচনালা সম্প্রসারণ এর কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সহকারী প্রকৌশলী, বিএমডিএকে অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী, **BMDA** |
| ২৬. | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর জনবল যাচাই বাছাই কার্যক্রম আগামি মাসে শুরু হবে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধিকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭. | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ অফিস | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি এরিয়া সভায় জানান যে, যে সমস্ত অফিসে বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে, উক্ত অফিসে বিদ্যুৎ বিলের বরাদ্দ আসার সঙ্গে সঙ্গে পরিশোধ করার জন্য অনুরোধ করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া হাকিমপুরকে অনুরোধ করা হলো এবং সরকারি অফিসে বিদ্যুৎ বিলের বরাদ্দ আসার সাথে সাথে বকেয়া পরিশোধ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনর্চাজ হিলি এরিয়া। |
| ২৮. | সেটেলমেন্ট অফিস | উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা সভায় জানান যে, হাকিমপুর উপজেলায় ৬৯টি মৌজার মধ্যে ৪৮টি মৌজার প্রিন্ট পর্চা/খতিয়ান বিক্রয় করা হয়েছে। উক্ত ৪৮টি খতিয়ানের মধ্যে ৪০টি খতিয়ান গ্যাজেট প্রকাশ করা হয়েছে। বাকী ০৮টি মৌজার গেজেট করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২১টি মৌজার মধ্যে ০৭টি মৌজার প্রিন্টের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১৪টি মৌজার কাজ চলমান | **সিদ্ধান্ত :** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা হাকিমপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ২৯. | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, হাকিমপুর দিনাজপুর, সভায় জানান যে, তাঁর দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত:** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার হাকিমপুরকে অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| ৩০ | প্রশাসক, হাকিমপুর পৌরসভা | সহকারী কমিশনার (ভূমি) ও প্রশাসক, হাকিমপুর পৌরসভা সভায় জানান যে, গত ১৯ আগস্ট ২০২৪ তারিখে প্রশাসক, হাকিমপুর, পৌরসভায় যোগদান করি। যোগদান করার পর হতে হাকিমপুর পৌরসভায় দুই দিন করে বর্জ্য পরিস্কার করা হতো। তবে বর্তমানে দুই দিনের পরিবর্তে তিনদিন বর্জ্য পরিস্কার করা হচ্ছে বলে সভায় অবহিত করেন। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | **সিদ্ধান্ত** চলমান কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করার জন্য প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুরকে অনুরোধ করা হলো। | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর |
| ৩১. | বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার অফিস এর গুরুত্বপূর্ণ টেলিফোন লাইনের কোন সংযোগ না থাকায় সরকারি কার্যক্রম অসুবিধা হয়। অথচ টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করতে হয়। তাই জরুরী ভিত্তিতে উক্ত টেলিফোন লাইনটি মেরামত করার জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ এর প্রশাসক, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার অফিস এর টেলিফোন লাইনটি মেরামত করার জন্য পুন:রায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, হাকিমপুর |
| ৩২. | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার জন্য একজন গ্রাম পুলিশ গত ০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: তারিখ হতে (শুক্রবার ও শনিবার) দায়িত্ব পালনের কাজ চলমান রয়েছে। উক্ত খাতে যে ব্যয় হবে তা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সভায় অবহিত করেন। | **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তার জন্য একজন গ্রাম পুলিশ গত ০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রি: তারিখ হতে (শুক্রবার ও শনিবার) দায়িত্ব পালনের কাজ চলমান রয়েছে। উক্ত খাতে যে ব্যয় হবে তা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেটানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, হাকিমপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/২০২৪

(অমিত রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
হাকিমপুর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
হাকিমপুর, দিনাজপুর
www.hakimpur.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.২৭৪৭.০০০.০৫.০০১.১৯- ৯৯২(৫০)

তারিখঃ ২৪ অক্টোবর ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৪. জেলা প্রশাসক, দিনাজপুর
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. উপজেলা ....................................................কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর
২. চেয়ারম্যান............................................(সকল) ইউ,পি, হাকিমপুর, দিনাজপুর

২৪/১০/২০২৪

**পরিশিষ্ট-"ক"**

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২০. | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হাকিমপুর |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর | ২১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাকিমপুর |
| ৩. | প্রশাসক, হাকিমপুর পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর | ২২. | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, হাকিমপুর, দিনাজপুর |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, হাকিমপুর | ২৩. | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাকিমপুর |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৪. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৫. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাকিমপুর |
| ৭. | উপজেলা মৎস্য অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৬. | উপজেলা পরিসংখ্যান, অফিসার, হাকিমপুর |
| ৮. | উপজেলা সমাজসেবা অফিসার, হাকিমপুর | ২৭. | উপজেলা বন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ২৮. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাকিমপুর | ২৯. | তথ্য আপা কর্মকর্তা, হাকিমপুর |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩০. | |
| ১২. | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, হাকিমপুর, দিনাজপুর | ৩১. | |
| ১৩. | উপজেলা আইসিটি অফিসার, হাকিমপুর, দিনাজপুর | ৩২. | |
| ১৪. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ৩৩. | |
| ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ৩৪. | |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর, দিনাজপুর | ৩৫. | |
| ১৭ | সহকারী জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২ ইনচার্জ হিলি (হাকিমপুর) এরিয়া, হাকিমপুর | ৩৬. | |
| ১৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাকিমপুর | ৩৭. | |
| ১৯. | সহকারী সেটেলমেন্ট অফিসার, হাকিমপুর | ৩৮. | |

**পরিশিষ্ট-"খ"**

**সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র: নং | নাম/পদবী | ক্র:নং | নাম/পদবী |
|---|---|---|---|
| ১. | অফিসার ইন-চার্জ, হাকিমপুর থানা, হাকিমপুর | ৪. | |
| ২. | | ৫. | |
| ৩. | | ৬. | |